অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/29/2021 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল সাফোক কাউন্টিতে 408.8 মিলিয়ন মার্কিন ডলারের ঝড় স্থিতিশীলতা সিউয়ার সম্প্রসারণের নির্মাণ শুরুর ঘোষণা দিলেন

উদ্যোগটি নাইট্রোজেন লোডিং হ্রাস ও পানির মান উন্নয়নের জন্য হাজার হাজার বাড়িকে সিউয়ার সিস্টেমের সাথে যুক্ত করবে

এছাড়াও অতি গুরুত্বপূর্ণ আঞ্চলিক প্রচেষ্টাটি প্রাকৃতিক উপকূলীয় প্রতিবন্ধকতা পুনর্নির্মাণের মাধ্যমে জলবায়ু পরিবর্তনের সাথে লড়াই স্থিতিশীলতা বৃদ্ধি করবে

গভর্নর ক্যাথি হোকল আজকে 408.8 মিলিয়ন মার্কিন ডলারের সাফোক কাউন্টি কোস্টাল রেজিলিয়েন্সি ইনিশিয়েটিভ (Suffolk County Coastal Resiliency Initiative) নির্মাণ শুরুর ঘোষণা করলেন, যেখানে রয়েছে বর্জ্য পানি পরিবহন ও পরিশোধন আপগ্রেড এবং সাথে টাউন অফ ব্যাবিলনের 4,000 এর বেশি বাড়িকে সিউয়ার সিস্টেমের সাথে সংযুক্ত করবে, এবং এই বছরের শেষের দিকে ম্যাস্টিক-শার্লিতে অতিরিক্ত 1,700 বাড়িতে সংযোগ প্রদানের ব্যবস্থা করবে। উদ্ভাবনী এই প্রকল্প লং আইল্যান্ডের উপকূলীয় পানিকে নাইট্রোজেন ও অন্যান্য দূষক দ্বারা দূষিত হওয়া প্রতিরোধ করতে ফেডারেল ও স্টেটের রিসোর্স স্থানীয় অর্থায়নের সাথে মিলিয়ে ব্যবহার করে। অতি গুরুত্বপূর্ণ এই প্রকল্পের আরো পরিবেশগত সুবিধার মধ্যে রয়েছে পানির মান উন্নয়ন, বাস্তুতন্ত্র পুনঃস্থাপন, এবং জলবায়ু পরিবর্তন দ্বারা বৃদ্ধিপ্রাপ্ত ভবিষ্যৎ বন্যা ও তীব্র ঝড় থেকে সম্প্রদায়সমূহকে রক্ষা করার জন্য প্রাকৃতিক উপকূলীয় প্রতিবন্ধকতা জোরদার করা।

"আমরা যখন সুপারস্টর্ম স্যান্ডির বর্ষপূর্তির কথা স্মরণ করছি, আমরা চিন্তা করছি যে কিভাবে ঝড়টি প্রকৃতির সম্মুখীন হওয়ার জন্য নিউ ইয়র্কের স্থিতিশীল হওয়ার প্রয়োজন প্রকাশ করেছিল," **গভর্নর হোকল বলেন।** "কোস্টাল রেজিলিয়েন্সি ইনিশিয়েটিভ প্রকল্পের একটি সার্বিক ধারা যা সাফোক কাউন্টির হাজার হাজার বাড়ি, যারা বর্তমানে সেপটিক ট্যাঙ্কের উপর নির্ভরশীল, তাদের স্থিতিশীলতা উন্নয়নের পথে বহুদূর অগ্রসর করবে। নির্মাণ এখন চলমান, ফলে নিউ ইয়র্ক জলবায়ু পরিবর্তনের প্রভাবের বিরুদ্ধে লড়াইয়ে আমাদের লক্ষ্য ও চরম আবহাওয়া সহ্য করে টিকে থাকার জন্য সম্প্রদায়গুলির যাতে আধুনিক অবকাঠামো থাকে তা নিশ্চিত করতে কাজ অব্যাহত রেখেছে।"

কার্লস রিভার এবং ফোর্জ রিভার ওয়াটারশেডের হাজার হাজার বাড়ি সিউয়ারের সাথে যুক্ত নয় এবং তারা সেপটিক ট্যাঙ্ক ও সেসপুলের মতো অনসাইট সিস্টেম দিয়ে বর্জ্য পানি ব্যবস্থাপনা করছে। সেকেলে সেপটিক ট্যাঙ্ক ও সেসপুলগুলিতে নিয়মিত ধারণক্ষমতায় ব্যর্থতা দেখা যায়

এবং বাসিন্দাদের ঘন ঘন বাসন ধোওয়া ও কাপড় ধোওয়ার মতো গৃহস্থালি কাজ সীমাবদ্ধ করতে হয়। এছাড়াও বর্জ্য পানির এই ব্যবস্থা পানির প্রবাহে বাস্তুসংস্থানসংক্রান্ত ক্ষতি করে যেহেতু অপরিশোধিত বর্জ্য ওয়াটারশেডকে নাইট্রোজেন ও অন্যান্য ক্ষতিকর দূষক দ্বারা প্লাবিত করতে পারে, যার ফলে উপকূলীয় বাস্তুতন্ত্রের অবনতি হয়। ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশন (Department of Environmental Conservation, DEC) প্রদত্ত 2014 সালের একটি রিপোর্টে অঞ্চলটির প্রাকৃতিক উপকূলীয় প্রতিরক্ষার উপর নাইট্রোজেন দূষণের ক্ষতিকর প্রভাব বিস্তারিত বলা আছে এবং এটি এই প্রকল্পের অর্থায়ন অগ্রসর করার জন্য একটি অনুঘটক হিসেবে কাজ করেছে।

এছাড়াও ঘোষণাটি আসলো সুপারস্টর্ম স্যান্ডির নয় বছর পূর্তির দিনে, যা এই এলাকাগুলির প্রায় অর্ধেক বর্জ্য পানির সিস্টেমকে বন্যার পানি দ্বারা প্লাবিত করেছিলো। সমুদ্রপৃষ্ঠ উন্নীত হওয়া এবং জলবায়ু পরিবর্তন দ্বারা বৃদ্ধিপ্রাপ্ত আরো তীব্র ঝড়ের ঝুঁকির মুখে উপকূলীয় প্রতিবন্ধকতা উন্নয়ন করা, ওয়াটারশেডে নাইট্রোজেন এবং দূষক হ্রাস করা প্রাকৃতিক উপকূলীয় জলাভূমি পুনর্গঠনে সাহায্য করবে যা দক্ষিণ উপকূলে ঝড়ের স্ফীতি ও বন্যার বিরুদ্ধে প্রতিবন্ধকতা হিসেবে কাজ করবে।

কার্লস রিভার প্রকল্প 2024 সালের মধ্যে এবং পরবর্তীতে 2026 সালের মধ্যে ফোর্জ রিভার শেষ হবে এমন প্রত্যাশা করা হচ্ছে।

ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি ম্যানেজমেন্ট (Division of Homeland Security and Emergency Management, DHSES) এবং গভর্নমেন্ট অফিস অফ স্টর্ম রিকভারির (Governor's Office of Storm Recovery, GOSR) মাধ্যমে, এই প্রকল্পগুলি ব্যবহার করে ফেডারেল ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সি (Federal Emergency Management Agency, FEMA) এর অর্থায়নে হ্যাজার্ড মিটিগেশন গ্র্যান্ট প্রোগ্রাম (Hazard Mitigation Grant Program, HMGP) থেকে 243.5 মিলিয়ন মার্কিন ডলার এবং ইউনাইটেড স্টেটস ডিপার্টমেন্ট অফ হাউজিং অ্যান্ড আর্বান ডেভেলপমেন্ট (Department of Housing and Urban Development, HUD) এর অর্থায়নে কমিউনিটি ডেভেলপমেন্ট ব্লক গ্র্যান্ট - ডিজেস্টার রিকভারি (Community Development Block Grant - Disaster Recovery, CDBG-DR) থেকে 66.4 মিলিয়ন মার্কিন ডলার।

ব্যাবিলন ও ব্রুকহাভেনে নির্মাণ শুরু করার পাশাপাশি, DEC প্যাটশোগা গ্রামকে 21 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করছে অতিরিক্ত 248টি বাড়িকে সিউয়ার সিস্টেমে যুক্ত করার জন্য যাতে লং আইল্যান্ডের অ্যাকুইফার, উপকূলীয় উপসাগর, লেক এবং জলপথের মতো পানির উৎসে সেসপুল ও সেপটিক ট্যাঙ্কে উৎপন্ন ক্ষতিকর নাইট্রোজেন ও অন্যান্য দূষকের প্রবাহ হ্রাস করা যায়।

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশনের কমিশনার ব্যাসিল সেগোস বলেন, "জলবায়ু পরিবর্তনের ঝুঁকির মুখে উপকূলীয় স্থিতিশীলতা উন্নয়নে সবাইকে একত্রে কাজ করতে হবে, এবং আমরা এই প্রকল্পগুলিকে বাস্তবে পরিণত করতে গভর্নর হোকল, সাফোক কাউন্টি, এবং ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি

ম্যানেজমেন্ট ও গভর্নমেন্ট অফিস অফ স্টর্ম রিকভারিতে আমাদের অংশীদারদের সাথে কাজ করতে পেরে গর্বিত। আমাদের পানি সুরক্ষা ও নাইট্রোজেন দূষণ হ্রাস করার জন্য অতি গুরুত্বপূর্ণ প্রকল্প অর্থায়ন ও অগ্রসর করার জন্য DEC এর উপকূলীয় ও পানির মান বিশেষজ্ঞরা পুরো লং আইল্যান্ডে সম্প্রদায়গুলির সাথে সরাসরি কাজ করে যাচ্ছে, এবং আজকের কাজ শুরুর ঘটনা এইসব প্রচেষ্টার একটি অতি গুরুত্বপূর্ণ মাইলফলক। প্যাটশোগা গ্রামকে আনুমানিক 248টি বাড়ি সিউয়ারে সংযুক্ত করতে সাহায্য করার জন্য অতিরিক্ত 21 মিলিয়ন মার্কিন ডলার DEC বিনিয়োগ হল নিউ ইয়র্কের ভবিষ্যৎ প্রজন্মের জন্য আমাদের পানি রক্ষার্থে লং আইল্যান্ডের সম্প্রদায়সমূহকে সাহায্য করতে গভর্নর হোকলের অঙ্গীকারের আরও একটি উদাহরণ।"

নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটির (New York State Division of Homeland Security) নির্বাহী ডেপুটি কমিশনার টেরেন্স জে. ও'লিয়ারি বলেন, "যখন চরম আবহাওয়া নিউ ইয়র্কবাসীর জীবনকে প্রভাবিত করেই চলেছে, এ ধরনের প্রকল্প প্রাকৃতিক উপকূলীয় প্রতিবন্ধকতা পুনঃস্থাপনে ব্যাপক ভূমিকা রাখবে যা পরিশেষে ঝড় স্ফীতি এবং বন্যার পানি দ্বারা ব্যক্তিগত সম্পত্তি ও অতি জরুরি অবকাঠামোর ক্ষয়ক্ষতি প্রশমিত করবে। আমি ডিভিশনের ডিজেস্টার রিকভারি (Disaster Recovery) দলের নিবেদিত প্রচেষ্টা এবং এই প্রকল্পকে বাস্তবে পরিণত করতে সাফোক কাউন্টি ও অন্যান্য স্টেট এজেন্সির সাথে সমন্বয়ের ব্যাপারে গর্বিত।"

গভর্নমেন্ট অফিস অফ স্টর্ম রিকভারির নিউ ইয়র্ক রাইজিং কমিউনিটি রিকন্সট্রাকশন অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার প্রোগ্রামের (NY Rising Community Reconstruction and Infrastructure Programs) ডেপুটি নির্বাহী পরিচালক আইলিন মিউজ বলেন, "বাস্তুসংস্থানসংক্রান্ত এবং জীবনযাত্রার মান সংক্রান্ত সুবিধার পাশাপাশি, সাফোক কাউন্টির জলপথের নাইট্রোজেন হ্রাস জলভূমিকে আরো মজবুত করে পুনর্গঠন করবে, ঝড় স্ফীতি ও বন্যা থেকে একটি প্রাকৃতিক উপকূলীয় প্রতিবন্ধকতা প্রদান করবে। অতি গুরুত্বপূর্ণ এই মাইলফলক উদযাপনে গভর্নর হোকল ও কাউন্টি নির্বাহী বেলোনের সাথে যোগ দিতে পেরে আমরা অত্যন্ত আনন্দিত।"

সিনেটর চাক শুমার বলেন, "সাফোক কাউন্টির আধুনিক বর্জ্য পানির অবকাঠামোর অভাবের ফলে আমাদের জলপথে ব্যাপক নাইট্রোজেন দূষণ হয়, যা আমাদের উপকূলীয় প্রতিরোধ দুর্বল করে, জনস্বাস্থ্য ঝুঁকিগ্রস্ত করে, এবং টেকসই অর্থনৈতিক বিকাশ রোধ করে। অতি জরুরি এই স্থিতিশীলতা প্রকল্পে 300 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বিশাল ফেডারেল বিনিয়োগ প্রদান করার জন্য জোর লড়াই করা, এবং এই বছরের শুরুতে এইসব চুক্তির তহবিল দ্রুত মুক্ত করার অনুমোদন দিতে FEMA ও অফিস অফ ম্যানেজমেন্ট অ্যান্ড বাজেটকে (Office of Management and Budget, OMB) তাগাদা দেওয়ার জন্য আমি গর্বিত। কাউন্টি নির্বাহী বেলোন বিজ্ঞতার সাথে অতিরিক্ত 46 মিলিয়ন মার্কিন ডলার আমেরিকান রেসকিউ প্ল্যান (American Rescue Plan) অর্থায়ন বরাদ্দ করছেন যা আমি শূন্যস্থান পূরণ এবং উদ্যোগটি অগ্রসর করার জন্য সাফোক কাউন্টির জন্য সুরক্ষিত করেছিলাম। প্রকল্পটি কয়েকশত ভালো বেতনের নির্মাণ কাজ সৃষ্টি করবে, আমাদের পরিবেশ পরিচ্ছন্ন করবে, স্থিতিশীলতা প্রচেষ্টা উন্নত করবে, এবং চার

দশকের মধ্যে সাফোক কাউন্টির সর্ববৃহৎ সিউয়ার সম্প্রসারণ করবে এবং এর বাসিন্দাদের জীবনযাত্রার মান আগামী কয়েক দশকের জন্য উন্নত করবে।"

প্রতিনিধি লি জেলডিন বলেন, "কোভিড-19 আমাদের জীবনের অনেক বেশি বিষয়কে প্রভাবিত করেছে, এবং আমাদের স্থানীয় অবকাঠামো প্রকল্প, যেগুলি মহামারীর কারণে অপ্রত্যাশিত বিলম্বের সম্মুখীন হয়েছে, সেগুলিকে রক্ষা করা আমাদের জন্য অবশ্যই অত্যন্ত জরুরি। সাফোক কাউন্টিতে আমাদের জীবনযাত্রার মানের জন্য ফোর্জ রিভার ও কার্লস রিভার সিউয়ার প্রকল্প অতি গুরুত্বপূর্ণ, এবং আমি অর্থায়ন শেষ তারিখ সম্প্রসারণ করা নিশ্চিত করতে, প্রকল্পগুলি রক্ষা এবং তাদের শেষ বাঁধা পার করানোর জন্য ডিসেম্বর মাসে হাউজ ও সিনেট নেতৃবৃন্দের সাথে, এবং একই সাথে হোয়াইট হাউজের সাথে একত্রে কাজ করতে পেরে সম্মানিত হয়েছি। এই ঘোষণাটি সুপারস্টর্ম স্যান্ডির নবম বর্ষপূর্তিতে আসলো এবং এর কারণে হওয়া সকল বিপর্যয় আমাদের সম্প্রদায়ের নিরাপত্তার জন্য এই প্রকল্পগুলি কত গুরুত্বপূর্ণ তা আরেকবার মনে করিয়ে দেয়।"

রিপ্রেজেন্টেটিভ অ্যান্ড্রু গারবারিনো বলেন, "সাফোক কাউন্টির সিউয়ার সম্প্রসারণ বহু দিন ধরেই প্রয়োজন। সিউয়ার হল এমন লিঞ্চপিন যার উপর আমাদের সম্প্রদায়ের পুনরুজ্জীবন নির্ভর করে। আরো অনেক কিছু করার আছে কিন্তু আমি সাফোক কাউন্টিতে এই বিনিয়োগ, যা নিশ্চিত করে যে কাউন্টি যাতে তার প্রয়োজনীয় বর্জ্য পানি পরিশোধন এবং সিউয়ার সিস্টেম উন্নয়ন পায়।"

কাউন্টি নির্বাহী স্টিভ বেলোন বলেন, "সুপারস্টর্ম স্যান্ডির নবম ;বর্ষপূর্তিতে, আমরা লং আইল্যান্ডকে জলবায়ু পরিবর্তনে আরো প্রতিরোধী করতে আমাদের প্রচেষ্টায় একটি বিশাল পদক্ষেপ অগ্রসর করেছি। সিনেটর চাক শুমার এবং নিউ ইয়র্ক স্টেট সরকারে আমাদের অংশীদারদের থেকে আমরা যেই সমর্থন পেয়েছি তার কল্যাণে, আমরা ঐতিহাসিক প্রকল্পগুলিকে নির্মাণ পর্যন্ত আনতে পেরে একটি জরুরি মাইলফলকে পৌঁছাতে পেরেছি। এই প্রকল্পগুলিকে শুধু জয়-জয় বললে এগুলি আমাদের অঞ্চলের জন্য যে মাত্রার সুবিধা নিয়ে আসছে তা পর্যাপ্তভাবে বর্ণিত হবে না। আঞ্চলিক অর্থনীতিতে 400 মিলিয়ন মার্কিন ডলার স্থাপন করা কোভিড মহামারী থেকে আমার অর্থনৈতিক পুনরুদ্ধারকে বলবান করবে। শুধু তাই নয়, প্রকল্পটি প্রায় 6,000 সেসপুল এবং সেপটিক সিস্টেম অপসারণ করবে যা বিজ্ঞানীদের মতে আমাদের উপকূল উপসাগর এবং পোতাশ্রয়কে ধ্বংস করছে। এটি আমাদের অর্থনীতি ও পরিবেশের জন্য বিশাল এক জয়।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন